দৈনিক বাংলা

তারিখ .. 28 DEC 1993
পৃষ্ঠা... ৩ ... কলাম ..১...

৩৬

# জা' নগর ভার্সিটি শিক্ষক সমিতির কর্মসূচী

জাঃবিঃ সংবাদদাতা, : ২৭ ডিসেম্বর।—জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির এক জরুরী সভা আজ শিক্ষক লাউঞ্জে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর খোন্দকার মোস্তাহিদুর রহমান।

আজকের এই সভায় বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলর প্যানেল মনোনয়ন বিধি লংঘন করায় তীব্র ক্ষোভও এর নিন্দা জ্ঞাপন করা হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ তাদের দাবী আদায়ের লক্ষে সভায় বিভিন্ন কর্মসূচীও গ্রহণ করেন। তাদের কর্মসূচীর মধ্যে রয়েছে আগামী ২৮ ডিসেম্বর থেকে ৩ জানুয়ারী পর্যন্ত প্রতিদিন বেলা ১২টা থেকে দুপুর ১টা পর্যন্ত ১ ঘন্টা করে কর্মবিরতি। ২৮ ডিসেম্বর বেলা ১২টায় ভিসি অফিসের সামনে কালো পতাকা উত্তোলন এবং ৩ জানুয়ারীর মধ্যে ভাইস চ্যান্সেলর প্যানেল নির্বাচনের জন্য সিনেট অধিবেশনের ঘোষণা প্রদান না করা হলে ৪ জানুয়ারী পূর্ণ দিবস কর্মবিরতির সিদ্ধান্ত নেয়া হয়। উল্লেখ্য যে, আগামী ৪ জানুয়ারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস। শিক্ষকবৃন্দ তাদের দাবী পূরণ না হলে ৫ জানুয়ারী থেকে পূর্ণ প্রশাসনিক অসহযোগিতারও সিদ্ধান্ত নেন।

## শিক্ষক সমিতির নির্বাচন

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় শিক্ষকবৃন্দ নিজেদের মধ্যে সমঝোতায় আসায় আগামী ৩০ ডিসেম্বর শিক্ষক সমিতির নির্বাচন হওয়ার কথা থাকলেও তা হচ্ছে না।